গাংনীর চিতলা থেকে ৫০ পিস ইয়াবাসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চিতলা মধ্যপাড়া রাস্তা থেকে ৫০ পিস ইয়াবাসহ হাসিবুল ইসলাম (২৬) নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার সময় গাংনী থানার এস আই সইবুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটকৃত হাসিবুল ইসলাম গাংনীর বাঁশবাড়িয়া গ্রামের আকছেদ আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় একজন ইয়াবা বহন করছে। এসময় ওই যুবকের গতিবিধি সন্দেহ হলে পুলিশ চ্যালেঞ্জ করে তল্লাশি চালিয়ে তার পকেটে থাকা সিগারেটের প্যাকেটে থাকা ৫০ পিস ইয়াবা উদ্ধারসহ তারক আটক করা হয়।

এ বিষয়ে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গা তিতুদহ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ মাধ্যমিক বিদ্যালয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ, ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গিবাদ মোকাবেলা, নারী ও শিশুর প্রতি সহিংসতা, নিপীড়ন ও বৈষম্য মূলক আচরণ বন্ধে পদক্ষেপ গ্রহণ এবং শিক্ষার মান উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

সোমবার দুপুর ১টার দিকে তিতুদহ মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মিজানুর রহমান টিপুর সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান।

তিনি বলেন,আমাদের সন্তানদের সু শিক্ষায় শিক্ষিত করতে হলে মা বাবার খেয়াল রাখতে হবে। সন্তানরা কোথায় যাচ্চে কি করছে কার সাথে মিশছে খেয়াল রাখতে হবে।তাহলে আমাদের সন্তানরা সু শিক্ষায় শিক্ষিত করা সম্ভব।

এ মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভূঁইয়া। এছাড়াও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ, অভিভাবক, শিক্ষক ও ছাত্র-ছাত্রী সহ এলাকার জনসাধারণ।

দর্শনা সীমান্তে ১০ টি স্বর্নের বারসহ এক পাচারকারী আটক

দামুড়হুদা উপজেলার দর্শনা সীমান্তের বাড়াদি গ্রাম থেকে ১০ টি স্বর্ণের বারসহ এক পাচারকারীকে আটক করেছে ৬ বিজিবি।

সোমবার (১৬ জানুয়ারি) সকাল ১১টার দিকে দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের বাড়াদি সীমান্তের নাস্তিপুর গ্রামের কবরস্থান এলাকা থেকে তাকে আটক করে।তার পায়ে থাকা জুতার ভিতর থেকে ১০ টি স্বর্নের বার উদ্ধার করে।

আটক যুবকের নাম ইমন আলী (২৭)। তিনি নাস্তিপুর গ্রামের মতিয়ার রহমানের ছেলে।

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) জানায়, সীমান্ত দিয়ে ভারতে স্বর্ণের চালান পাচার হচ্ছে- এমন তথ্য পেয়ে নাস্তিপুর গ্রামের সড়কে অভিযান চালায় বিজিবির বারাদি বিওপির টহল দল। এসময় সন্দেহভাজন এক চোরাকারবারীকে বিজিবি সদস্যরা চ্যালেঞ্জ করলে

তিনি দৌড়ে পালানোর চেষ্টা করেন। পরে তাকে ধাওয়া করে আটক করে দেহ তল্লাশি করা হয়। এসময় তার জুতার ভেতর থেকে স্কচটেপে মোড়ানো ১০টি স্বর্ণের বার জব্দ করে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক শাহ মোহাম্মদ জানান, উদ্ধার হওয়া ১০ স্বর্ণের বারের ওজন এক কেজি ১৬৪ গ্রাম। যার আনুমানিক বাজারমূল্য অন্তত ৭০ লাখ টাকা।

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

দামুড়হুদায় ইব্রাহীমপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ ইন্তেকাল করেছেন। তাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

সোমবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ইব্রাহিমপুর স্কুল মাঠে গার্ড অব অর্নার প্রদান এর মাধ্যমে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়। বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ উপজেলার জুড়ানপুর ইউনিয়নের ইব্রাহিমপুর স্কুল পাড়ার মৃত আফসার শেখ এর ছেলে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ। স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ সহ গ্রামবাসী উপস্থিত ছিলেন। বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ ইন্তেকাল করেছেন এমন খবর শুনে দামুড়হুদা উপজেলা প্রশাসন দ্রুত সময়ের মধ্যে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকস টিমের মাধ্যমে গার্ড অব অর্নার প্রদান করেন এবং রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ এর দাফন কার্য সম্পন্ন করা হয়।

গাংনী উপজেলা মডেল মসজিদের উদ্বোধন

২য় ধাপে সারা দেশের ৫০ টি মডেল মসজিদ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সোমবার (১৬ জানুয়ারী) বেলা ১১ টার দিকে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী উপস্থিত থেকে তিনি এ মসজিদগুলো উদ্বোধন করেন।

গাংনী উপজেলা মডেল মসজিদে থাকছে নামাজ পড়ার পাশাপাশি ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, হেফজখানা, অডিটরিয়াম, মৃত ব্যাক্তির গোসলের স্থানসহ নানা সুবিধা। আলেম ওলামাদের ইসলামী জ্ঞান চর্চার সুবিধাও রয়েছে সেখানে। মেহেরপুরের গাংনী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক ও স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃধা মো: মোজাহিদুল ইসলাম, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহাফুজুর রহমান, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী, বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কোমল, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ। উদ্বোধনী অনুষ্ঠান শেষে মসজিদ প্রাঙ্গনে দেশ ও জাতির কল্যাণে দোয়া মোনাজাত পরিচালনা করেন উপজেলা জামে মসজিদের পেশ ইমাম ইলিয়াস হোসেন। গাংনী উপজেলা মডেল মসজিদ তৈরীতে ব্যায় হয়েছে ১৩ কোটি ১৬ লক্ষ ৪৫ হাজার টাকা।

দামুড়হুদায় ৫১তম জাতীয় স্কুল শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান

দামুড়হুদায় ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকাল ৩টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে এই ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আয়োজনে, দামুড়হুদা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন এর সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম।

এ সময় আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী। দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদা বাজারের নাইটগার্ডদের মাঝে কম্বল বিতরণ

করলেন- ওসি ফেরদৌস ওয়াহিদ

দামুড়হুদায় গভীর রাতে বিভিন্ন বাজারে নাইট গার্ড ও শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ। গতকাল রবিবার দিনগত গভীর রাতে তিনি এই কম্বল বিতরণ করেন।

জানাগেছে চুয়াডাঙ্গা জেলায় দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড হয়েছে, শুরু হয়েছে শীতের তীব্রতা। ঘন কুয়াশা ও তীব্র শীতে দামুড়হুদা উপজেলায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ গভীর রাতে উপজেলার বিভিন্ন বাজার পরিদর্শন করেন।

এসময় তিনি উপজেলার বিভিন্ন বাজারের নাইট গার্ডদের নিজের হাতে কম্বল জড়িয়ে দেন এবং বাজারে ছিন্নমূল রাত্রি যাপনকারী মানুষের মাঝে কম্বল বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

গাংনীতে বিএনপির ১০ দফা ও বিদ্যুদের মূল্য কমানোর দাবীতে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরের গাংনী উপজলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে গাংনী উপজেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশে তত্বাবধায়ত নিরপেক্ষ সরকারের অধিীনে নির্বাচন,বেগম খালেদা জিয়ারসহ সকল রাজবন্ধীদের নিঃশর্ত মুক্তিসহ ১০ দফা দাবী ও বিদ্যুতের মুল্য কমানোর দাবী করা হয়।

উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভােপিতত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাবেদ মাসুদ মিল্টন।

উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি আবদাল হোসেন, জেলা যুব দলের সাধারণ সম্পাদক কাউছার আলী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসনে মেঘলা, জেলা উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপল, বিএনপি নেতা মনিরুজ্জামান গাডডু, আলফাজ উদ্দীন কাল, মহিলা দলের নেতৃ ও উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান লাইলা আরজুমান বানু, মহিলা দলের নেতৃ ফেরদোসা বেগম,সেচ্চা সেবক দলের নেতা বাচ্চু,কৃষক দলের নেতা শাওন, উপজেলা ছাত্রদলের আহবায়ক সাজেদুর রহমান বিপ্লব,সদস্য সচিব রিপন হোসেনসহ বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ।

গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মোকবুল হোসেন মেঘলার সঞ্চালনায় বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে জেলা বিএনপির সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, বর্তমান সরকার নিশি রাতের সরকার। সৈরাচারী সরকার। ভোট চুরির সরকার। গুম খুনের সরকার। এই নিশি রাতের সরকারের অধিনে আর কোন নির্বাচনে অংশ গ্রহন করবেনা বিএনপি। বিগত দিনের নির্বাচন হয়েছে ডিজিটাল পর্যায়ের নির্বাচন। যা ডিজিটাল কায়দায় ভোট চুরি করা হয়েছে। ডিজিটাল কায়দায় দেশের টাকা চুরি করে বিদেশে পাঠিয়ে দেশকে আজ নিঃস্ব করে তুলেছে নিশি রাতের সরকার। রাতারাতি দ্রব্যমুল্যের দাম বৃদ্ধি করে জনগনকে বিপদে ফেলেছেন। হাটবাজারে গেলে অনেকেই পরিবারের চাহিদা অনুযায়ী খাদ্যপণ্য কিনতে পারছেননা। অভাব অনটনের মধ্য দিয়ে পরিবার চালাতে হচ্ছে কৃষকসহ স্বল্প আয়ের মানুষ॥ আর এইসকল নির্যাতিত, নিপীড়িত,শোষিত মানুষকে মুক্ত করতে যারা সৈরাচারী সরকারের পতনের ডাকে সাড়া দিয়েছে তারাই এই প্রজন্মের মুক্তিযোদ্ধা। সরকার দলীয়দের নানা অত্যাচার সহ্য করতে করতে মানুষ আজ জেগে উঠেছে,মানুষ আজ রাজ পথে নেমেছে। আর মানুষ যখন প্রতিবাদের কথা বলতে পারছে খুব শিঘ্রই সরকারের পতন ঘটবে। তাই এই সকারের মেয়াদ শেষের আগেই পদ ত্যাগ দাবী করেন।

তিনি আরও বলেন, গাংনীতে যারা বিএনপির নেতাকর্মীদের নামে মির্থ্যা মামলা করে হয়রানী করছে তাদের তালিকা করছে বিএনপি। সরকারের সময় সারা দেশের বিএনপির যেসকল নেতাকর্মীকে গুম করা হয়েছে তাদেরকে পরিবারের মাঝে ফিরিয়ে দেয়ার দাবী করা হয় বিক্ষোভ সমাবেশে।

গাংনীতে নিজেরাই ককটেল বিস্ফোরণ ঘটিয়ে বিএনপির নিরিহ ছেলেদের নামে মামলা করা হয়েছে। যে ব্যাক্তি এই মামলার বাদী হয়েছেন তার নামও তালিকায় রাখা হয়েছে। তবে তিনি এসব নোংরা খেলা থেকে আওয়ামীলীগের নেতাকর্মীদের সাবধান হওয়ারও হুশিয়ারী দিয়েছেন। তিনি বলেছেন, বিএনপি আপনাদের অনেক আঘাত মুখ বুঝে সহ্য করেছে। আপনারা শুধু মেরেছেন,হামলা করেছেন, মামলা করেছেন.অফিস ভাংচুর করেছেন,নির্যাতন করেছেন এখন আর তা করার চেষ্টা করবেননা। করলে দাঁত ভাঙ্গা জবাব দেয়া হবে বলেও বক্তব্য বলেন তিনি।

জাভেদ মাসুদ মিল্টন বলেন, ১০ দফা দাবী আদালেয়র যে আন্দোলন তা মেহেরপুর জেলার গাংনী উপজেলা বিএনপি আগে করেছে। এরপর ইউনিয়ন ও গ্রাম পর্যায়ের আন্দোলনের মাধ্যমে সরকার পতন ও নির্দলীয় নিরপেক্ষ তত্বাবধায়ক সরকার গঠন হবে এবং বর্তমান নির্বাচন কমিশনারকে পদত্যাগে বাধ্য করা হবে। জনগনের ভোটাধিকার ফিরয়ে দিয়ে এবং তত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচন দিলে আগামীতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল(বিএনপি) বিপুল সংখ্যক আসন নিয়ে সরকার গঠন করবে বলে আশাব্যাক্ত করেন বিক্ষোভ সমাবেশে অংশ গ্রহনকারি বিএনপির নেতাকর্মীরা। গাংনী উপজেলা বিএনপি আয়োজিত বিক্ষোভ সমাবেশে উপজেলার বিভিন্ন এলাকা থেকে বিপুল সংখ্যক বিএনপি নেতাকর্মী ও সমর্থকরা অংশ গ্রহন করেন।

দামুড়হুদায় উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা সাড়ে ১২টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এই মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে এসময় সভায় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান

শাহিদা বেগম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিনসহ উপজেলা পরিষদের সব কার্যালয়ের কর্মকর্তা বৃন্দ।

দর্শনায় ইয়াবাসহ এক যুবক গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ১শ পিচ ইয়াবা ট্যাবলেটসহ আবদুল্লা আল মামুনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

জানাগেছে সোমবার বেলা ৩ টার দিকে অভিযান চালায় বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া ফার্ম পাড়ার মিলনের বাড়ির সামনে।দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে, দর্শনা থানার এস আই তাইফুজ্জামান, এ এস আই তুহিন হোসেন, এ এস আই হাফিজুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় আকন্দবাড়িয়া মিলনের বাড়ির সামনে পাকা রাস্তার উপর। এ সময় পুলিশ আব্দুল্লাহ আল মামুন (২৮)কে দেহ তল্লাসী করে ১শ পিচ ইয়াবা ট্যাবলেটসহ তাকে গ্রেফতার করে।

সে দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের পারকৃষ্ণপুর মসজিদপাড়ার রায়হান উদ্দিন, ছেলে।

গ্রেফতারকৃত আবদুল্লা আল মামুনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।